কালের কণ্ঠ

তারিখ 28 OCT 2016
পৃষ্ঠা ... কলাম ...

ঢাবি নিয়ে ফেসবুকে আপত্তিকর মন্তব্য

# সরকারি কর্মকর্তার বিরুদ্ধে ৫৭ ধারায় মামলা

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের হলে বসবাস নিয়ে মিথ্যা ও বানোয়াট মন্তব্য করার অভিযোগে ৩০তম বিসিএসে প্রথম হওয়া সুশান্ত পালের বিরুদ্ধে তথ্য-প্রযুক্তি আইনের ৫৭ ধারায় মামলা করা হয়েছে বিশ্ববিদ্যালয়ের 'বিক্ষুব্ধ শিক্ষার্থীদের' পক্ষ থেকে। সুশান্ত পাল কাস্টমসে কর্মরত। তাঁকে ওএসডি করা হয়েছে। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমবিএর শিক্ষার্থী ছিলেন। 'বিক্ষুব্ধ শিক্ষার্থীদের' পক্ষে গতকাল বৃহস্পতিবার শাহবাগ থানায় মামলাটি করেন বিশ্বধর্ম ও সংস্কৃতি বিভাগের শিক্ষার্থী মোতাকাব্বির খান প্রবাস।

শাহবাগ থানার এএসআই আতাউর রহমান জানান, সুশান্ত পালের বিরুদ্ধে তথ্য-প্রযুক্তি আইনের ৫৭ ধারায় মামলা হয়েছে। মামলার সঙ্গে ফেসবুক পোস্টের অনুলিপি, মোবাইল ফোন নম্বর ও অন্যান্য তথ্যও দিয়েছেন শিক্ষার্থীরা। আইন অনুযায়ী এখন ব্যবস্থা নেওয়া হবে। মামলা তদন্তের দায়িত্ব দেওয়া হয়েছে এসআই আনোয়ারুল ইসলামকে।

সুশান্ত পাল সম্প্রতি নিজের ফেসবুক ওয়ালে লেখেন, বিশ্ববিদ্যালয়ের হলে আদিম বর্বরতা চলে, রাজনৈতিক প্রভাবে শিক্ষার্থীদের হেয়প্রতিপন্ন করে নানা কাজে বাধ্য করা হয়, তবু হল প্রশাসন ও বিশ্ববিদ্যালয় প্রশাসন উদাসীন। এই লেখা নিয়ে শিক্ষার্থীরা ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানালে ফেসবুকেই তিনি ক্ষমা চান। এতে সন্তুষ্ট না হয়ে আইনের আওতায় আনার দাবি জানান শিক্ষার্থীরা। এ নিয়ে গত রবিবার বিক্ষোভ ও মানববন্ধনও করা হয়।

### বান্দরবানে যুবক আটক

এদিকে বান্দরবান থেকে আমাদের নিজস্ব প্রতিবেদক জানান, প্রধানমন্ত্রীর ছবি বিকৃত করে ফেসবুকে পোস্ট করার অভিযোগে বান্দরবানে এক যুবককে আটক করেছে পুলিশ। গতকাল বৃহস্পতিবার পৌর এলাকার ক্যওচিং ঘাটা থেকে আবদুল হাকিম (২৭) নামের ওই যুবককে আটক করা হয়। সে রোয়াংছড়ি উপজেলার সাইঙ্গ্যা দানেশ পাড়ার বাসিন্দা। ক্যওচিং ঘাটা বাজারে তার একটি মোবাইল রিচার্জের দোকান আছে। বান্দরবান সদর থানার ওসি রফিক উল্লাহ জানান, সকাল ৯টার দিকে মোবাইল রিচার্জের দোকান থেকেই তাকে আটক করা হয়। প্রাথমিকভাবে অভিযোগের সত্যতা পাওয়া গেছে।